দামুড়হুদা ডায়াবেটিক সমিতির

উদ্যোগে ফ্রি চিকিৎসাসেবা প্রদান

দামুড়হুদা ডায়াবেটিক সমিতির উদ্যোগে ফ্রি ডায়াবেটিস রোগ নির্ণয় ও চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। শনিবার দামুড়হুদা ডায়াবেটিক সমিতির আয়োজনে এবং নিপ্রো জেএমআই, ইবনে সিনা, ইনসেপটা ফার্মা ও বেক্সিমকো ফার্মা এর সহযোগীতায় বিনামূল্যে দামুড়হুদা বাসস্ট্যান্ড সংলগ্ন সমিতির কার্যালয়ে ডায়াবেটিস রোগ নির্ণয় ও ফ্রি চিকিৎসাসেবা প্রদান করা হয়।

শনিবার সকাল ৮ টা থেকে ১২ টা পর্যন্ত বিভিন্ন শ্রেণীপেশার মানুষদের বিনামূল্যে ডায়াবেটিস রোগ নির্ণয় ও ফ্রি চিকিৎসাসেবা প্রদান করেন ডা: মোঃ আব্দুল গাফফার।

এসময় উপস্থিত ছিলেন সমিতির সাধারণ সম্পাদক মোঃ ফজলুর রহমান প্রশাসনিক কর্মকর্তা মোঃ ফিরোজ আল মামুন সহ হাসপাতালের কর্মচারীবৃন্দ।

মেহেরপুরের বিশিষ্ট ব্যবসায়ী মহিবুর রহমানের ইন্তেকাল

মেহেরপুরের বিশিষ্ট ব্যবসায়ী মিসু ষ্টোরের স্বত্বাধিকারী মহিবুর রহমান (৫২) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। শনিবার সকাল সাড়ে ৭টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন।
তিনি কয়েক বছর ধরে জটিল রোগে ভুগছিলেন। মহিবুর রহমান মেহেরপুর শহরের বোসপাড়া এলাকার অবসরপ্রাপ্ত শিক্ষক মরহুম আফসার উদ্দিন এর ছোট ছেলে। শনিবার দুপুরে শহীদ ড. সামসুজ্জোহা পার্কে মরহুমের জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। জানাজার পর শহরের কলেজ মোড়ে

অবস্থিত কবরস্থানে তাঁকে দাফন করা হয়। তিনি স্ত্রী ও দুই পুত্র সন্তান সহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।
মহিবুর রহমানের মৃত্যুতে মেহেরপুরের ব্যবসায়ী সমাজ, আমরা’৮৫ মেহেরপুর, বসত সহ বিভিন্ন সামাজিক সংগঠন শোক প্রকাশ করেছেন।

ঝিনাইদহে দুরপাল্লার সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত

সাঁতার শিখনে সচেতনতা বাড়াতে ঝিনাইদহে দুরপাল্লার সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। ‘সাতার একটি জীবন রক্ষাকারী দক্ষতা’ এ শ্লোগানকে সামনে রেখে জাহেদী ফাউন্ডেশনের সহযোগিতায় এ অনুষ্ঠানের আয়োজন করে সেফ সুইমিং একাডেমী। সকালে নবগঙ্গা নদীর পৌরসভার খাজুরা ব্রীজ এলাকার থেকে এ প্রতিযোগিতা শুরু হয়। প্রায় আড়াই কিলোমিটার দুরত্বের এ প্রতিযোগিতায় অংশ নেয় ১০ জন সাতারু। যা দেখতে নদীর পাড়ে ভীড় করে নানা শ্রেণী পেশার মানুষ। আড়াই কিলোমিটার নদীপথ পাড়ি দিয়ে শহরের দেবদারু এভিনিউতে এসে শেষ হয়। এতে প্রথম হয় সদর উপজেলা ভুটিয়ারগাতি গ্রামের সাতারু সুজা মোল্লা।

পরে এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় জাহেদী ফাউন্ডেশনের নির্বাহী সদস্য কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মজিবর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন। অনুষ্ঠান পরিচালনা করেন সেফ সুইমিং একাডেমীর পরিচালক মাহাফুজুর রহমান বিপ্লব ও কাজী আলী আহাম্মেদ লিকু। আলোচনা সভা শেষে বিজয়ী ও অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

আলমডাঙ্গায় ইউপি নির্বাচন উপলক্ষে জেলা পুলিশের ব্রিফিং প্যারেড অনুষ্ঠিত

আলমডাঙ্গার ১৩ টি ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে সুষ্টু, নিরপেক্ষ ও স্বচ্ছ নির্বাচনকল্পে ব্রিফিং প্যারেড অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল ১০ টায় মাধ্যমিক বিদ্যালয় মাঠে ব্রিফিং প্যারেড অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার এসপি জাহিদুল ইসলাম। তিনি প্রধান অতিথির বক্তব্যে বলেন, আসন্ন আলমডাঙ্গা ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠু, অবাধ, নিরপেক্ষ ও স্বচ্ছ করতে পুলিশকে মূখ্য ভূমিকা পালন করতে হবে। যে কোন অপশক্তি,ভয়ভীতি,বাধা জয় করার মতো শক্তি বাংলাদেশ পুলিশের আছে। পুলিশ, আনসার ও আইন-শৃঙ্খলা বাহিনীর যারা নির্বাচনের দায়িত্বে আছেন তারা ঈমানের সহিত দায়িত্ব পালন করবেন।

অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন উপহার দেওয়ার জন্য নির্বাচনে পর্যাপ্ত সংখ্যক অফিসার, ফোর্স নিয়োগ করা হয়েছে। ইউনিফর্ম পুলিশের পাশাপাশি ২৬টি মোবাইল টিম, ১৩টি স্ট্রাইকিং টিম, দাঙ্গা দমন মোকাবেলায় রায়ট গিয়ারে ০২ প্লাটুন এপিবিএন টিম, ০২ প্লাটুন র্যাবের টিম, ০৩ প্লাটুন বিজিবি টিম, সাদা পোষাকে ডিএসবি নজরদারি, ডিবির ঈগল-১ টিম এবং অত্যাধুনিক প্রশিক্ষণ প্রাপ্ত রোবকাপ টিম উপজেলা প্রশাসনের নেতৃত্বে নির্বাহী ম্যাজিস্ট্রেট থাকবে। এছাড়াও জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট থাকবে।

এ সময় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর) জনাব কনক কুমার দাস, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) জনাব আনিসুজ্জামান, কুষ্টিয়া জেলার অতিরিক্ত পুলিশ সুপার (ডিএসবি) জনাব ফরহাদ হোসেন খান, সিনিয়র সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জনাব মোঃ মুন্না বিশ্বাস, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম, জেলা গোয়েন্দা শাখা ও ডিআইও-১ সহ নির্বাচনে দ্বায়িত্বপ্রাপ্ত বিভিন্ন পদমর্যাদার অফিসার ও ফোর্স উপস্থিত ছিলেন।

গাংনীর ৬ টি ইউনিয়নে ভোট কেন্দ্রে নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর

তৃতীয় ধাপে অনুষ্ঠিতব্য গাংনী উপজেলার ৪ টি ইউনিয়ন পরিষদ নির্বাচনের নির্বাচনী দায়িত্বরত প্রিজাইডিং কর্মকর্তার কাছে নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর করেছে নির্বাচন কমিশন। আগামীকাল রোববার (২৮ নভেম্বর) গাংনী উপজেলার ধানখোলা, রাইপুর, ষোলটাকা ও কাজিপুর ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে।

আজ শনিবার (২৭ নভেম্বর) দুপুরের দিকে নির্বাচন উপলক্ষে নির্বাচনী দায়িত্বরত প্রিজাইডিং কর্মকর্তার কাছে নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর করেছে নির্বাচন কমিশন। গাংনী উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয় থেকে নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং অফিসার আব্দুল আজিজ এসব সরঞ্জাম বিতরণ করেন।

এদিকে মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান ও মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম যৌথভাবে জানান, নির্বাচনকে একটি উৎসব মুখর পরিবেশ তৈরী করতে সব ধরনের নিরাপত্তা বলয় তৈরী করা হয়েছে। জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ বিভাগের বিভিন্ন স্তুরের কর্মকর্তারা নির্বাচনকে সুষ্ঠভাবে সমপন্ন করতে বিভিন্ন পদক্ষেপ নিয়েছেন তারা।

মেহেরপুরে ইউপি নির্বাচনের

নির্বাচনী সরঞ্জাম হস্তান্তর

মেহেরপুর সদর উপজেলার ১নং কুতুবপুর ও ২ নং বুড়িপোতা ইউনিয়ন নির্বাচন উপলক্ষে নির্বাচনী দায়িত্বরত প্রিজাইডিং কর্মকর্তার কাছে নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর করেছে নির্বাচন কমিশন।

শনিবার দুপুরে মেহেরপুর উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয় থেকে উপজেলা নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং অফিসার কবির আহমেদ এসব নির্বাচনী সরঞ্জাম হস্তান্তর করেন।

উপজেলা নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং অফিসার কবির আহমেদ জানান, ২৮ নভেম্বর অনুষ্ঠিত মেহেরপুর সদর উপজেলার ইউনিয়ন পরিষদ নির্বাচনে সদর উপজেলার ১নং কুতুবপুর ইউনিয়ন ও ২নং বুড়িপোতা ইউনিয়নের জন্য এসব মালামাল হস্তান্তর করা হয়েছে। ।

আলমডাঙ্গায় নির্বাচনী সহিংসতা গাড়ি ভাংচুর, বৃদ্ধসহ আহত ১৪

আলমডাঙ্গা উপজেলার হারদী ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে আওয়ামী লীগের ‘বিদ্রোহী’ প্রার্থী (স্বতন্ত্র) আশিকুজ্জামান ওল্টুর কর্মীদের উপর হামলার ঘটনা ঘটেছে। এসময় ১৪ জন কর্মী আহত হয়েছে বলে অভিযোগ প্রার্থী ওল্টুর।

এছাড়াও ৩০ টি ইঞ্জিনচালিত আলমসাধু, ব্যাটারিচালিত ইজিবাইক ও পাখিভ্যান ভাংচুর করেছে। শুক্রবার রাত ৮ টার দিকে কুদ্দুস বটতলার মোড়ে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে।

আহতরা হলেন- আলমডাঙ্গা উপজেলার হারদী ইউনিয়নের বৈদ্যনাথপুর গ্রামের তাহাজ আলীর ছেলে বেরেস্টার ওরফে বেলে (৩১), একই এলাকার কাবেরের ছেলে শাহাবুল (৩২), ইসরাফের ছেলে আশরাফুল (২৫), ফরমান আলীর ছেলে আরিফ (৩৫) রফিকের ছেলে ইকবাল (৩০), মফের ছেলে মেগা (৩৭), উজ্জ্বলের ছেলে বাপ্পি (২০), আব্দুল হাকিমের ছেলে সুমন

(২২), আছের আলীর ছেলে আব্দুল কুদ্দুস (৪৮) আকা আলীর ছেলে মন্টু (৪০), মৃত সাবদাল মণ্ডলের ছেলে শুকুর মণ্ডল (৬৫), একই ইউনিয়নের প্রাগপুর গ্রামের কছের আলীর ছেলে আনছার আলী (৫৫), একই এলাকার মৃত এরশাদ আলীর ছেলে তোফাজ্জেল আলী (৭৫), সানোয়ারের ছেলে মাসুম (৩২)

বিদ্রোহী’ প্রার্থী আশিকুজ্জামান ওল্টু বলেন, শুক্রবার সন্ধ্যার পর হারদি কৃষি ক্লাবে পথসভার আয়োজন করেছিলাম। আমার কর্মীরা বিভিন্ন গাড়ি নিয়ে আসার সময় চেয়ারম্যানের বাড়ির সামনে কুদ্দুস বটতলার মোড়ে পৌছালে চেয়ারম্যান প্রার্থী নুরুল ইসলামের সমর্থকরা দেশীয় অস্ত্র ও লাঠিসোঁটা নিয়ে আমার সমর্থকদের উপর হামলা চালায়। এতে আমার ১৪ জন কর্মীকে মারধর করে এবং ৩০ টির ও বেশি গাড়ি ভাংচুর করে।

তিনি আরও বলেন, মুঠোফোনের মাধে খবর আসছে হতাহতের। আহতের সংখ্যা বাড়ছে। সকাল হলে বলতে পারবো মোট কতজন আহত হয়েছে। এ বিষয়ে আমি রাতেই আলমডাঙ্গা থানার একটি অভিযোগ দিয়ে দিয়েছি।

আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের চেয়ারম্যান (বর্তমান) প্রার্থী নুরুল ইসলাম বলেন, নির্বাচনকে কেন্দ্র করে আমার কোন কর্মীরা হামলা বা ভাংচুর করেনি। আনারস প্রতীকের স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী নির্বাচনবিধি লংঘন করে মোটরসাইকেল শোডাউন করেছে। তাদের মধ্যেই হট্টগোল হতে পারে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, পথসভাকে কেন্দ্র করে উত্তেজনা সৃষ্টি হয়েছিল। আমরা ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে নিই। এতে কোন গাড়ি ভাংচুর বা আহতের ঘটনা ঘটেনি।

উল্লেখ্য, আগামী ২৮ নভেম্বর আলমডাঙ্গা উপজেলার হারদীসহ ১৩টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। ৪ নভেম্বর প্রার্থীদের মনোনয়নপত্র যাচাই বাছাই সম্পন্ন হয়েছে। ১৩টি ইউনিয়নে চেয়ারম্যান প্রার্থী ৬৩ জন, সংরক্ষিত নারী সদস্য প্রার্থী ১৪২ জন ও সাধারণ সদস্য পদে ৪৪৮ জন অংশগ্রহণ করছেন। মনোনয়নপত্র যাচাই বাছাই শেষে খাদিমপুর ও গাংনী ইউনিয়নের দুজন সদস্য প্রার্থী সাজাপ্রাপ্ত ও অপ্রাপ্ত বয়স্ক হওয়ার কারণে তাদের মনোনয়ন বাতিল করেন রিটার্নিং কর্মকর্তা। আগামী ১২ নভেম্বর প্রতীক বরাদ্দের মধ্যদিয়ে প্রচার-প্রচারণা শুরু করবেন

প্রার্থীরা।

চেয়ারম্যান পদপ্রার্থী শাহজামানের শোভাযাত্রা

আসন্ন মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে শোভাযাত্রা করেছেন চেয়ারম্যান প্রার্থী শাহজামান। শুক্রবার বিকালের দিকে এ শোভাযাত্রা র্যালিটি বের করা হয়।

চেয়ারম্যান প্রার্থী শাহজামানের নেতৃত্বে শোভাযাত্রাটি বুড়িপোতা ইউনিয়নের গোভিপুর গ্রাম থেকে শুরু করে যাদবপুর, রাধাকান্তপুর,শালিকা, বাড়ি বাঁকা, বুড়িপোতা, হরিরামপুর, ইচাখালি, সহ বুড়িপোতা ইউনিয়নের প্রতিটি গ্রাম প্রদক্ষিণ করে গোভিপুর গিয়ে শেষ হয় ।

এই শোভাযাত্রায় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্মসাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সহসভাপতি আবদুল হান্নান, জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ন আহ্বায়ক মতিউর রহমান মতি, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি আলী রেজা বিছু সহ বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন। বুড়িপোতা ইউনিয়ন পরিষদে ভোটার সংখ্যা ৩০ হাজার ৮০ জন।

ভোট চাইতে এসে নারীদের হাতে দিল নাকফুল!

ঝিনাইদহের কালীগঞ্জে ভোট চাইতে এসে প্রার্থী নিজে ও সমর্থকরা ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে নারীদের হাতে নাকফুল ও টাকা দেওয়ার

অভিযোগ পাওয়া গেছে। এমনই ঘটনা ঘটেছে উপজেলার ১নং সুন্দরপুর-দুর্গাপুর ইউনিয়নের ৬নং ওয়ার্ডে।

জানা গেছে, শুক্রবার সকালে সুন্দরপুর-দুর্গাপুর ইউনিয়নের ৬নং ওয়ার্ডের মহাদেবপুর এলাকার বিউটি খাতুনের বাড়িতে গিয়ে ভোট প্রার্থনা করেন ফুটবল প্রতীকের প্রার্থী আমির হোসেনের ভাই সাইফুল হোসেন। এ সময় তিনি হাতের মধ্যে একটি নাকফুল ও ১০০ টাকা দেন। এছাড়াও দুর্গাপুর গ্রামে প্রমীলা রানীর বাড়িতে গিয়ে নাকফুল দেন প্রার্থী আমির হোসেন নিজেই।

মহাদেবপুর গ্রামের বিউটি খাতুন জানান, শুক্রবার সকালে ফুটবল প্রতীকের প্রার্থী আমির হোসেনের ভাই সাইফুল এসে তার হাতে একটি সোনালি রঙের নাকফুল ও ১০০ টাকা দেন। এরপর ফুটবল মার্কায় ভোট দিতে বলা হয়। বিষয়টি বুঝতে পেরে তিনি সঙ্গে সঙ্গেই তাদের কাছে নাকফুল ও ১০০ টাকা ফেরত দেন।

দুর্গাপুর গ্রামের প্রমীলা রানী বলেন, শুক্রবার সকালে আমির হোসেন এসে বলে-ও বৌদি বল মার্কায় একটি ভোট দিয়েন। এরপর সে নিজ হাতে দুইটি নাকফুল দেয়। তিনি বলেন, নাকফুল আমার লাগবে না। তখন আমির হোসেন মেয়েকে দিতে বলেন। গ্রামের বিভিন্ন নারীদের এ নাকফুল দেওয়া হয়েছে বলেও জানান তিনি।

এ ব্যাপারে ফুটবল প্রতীকের প্রার্থী আমির হোসেন বলেন, প্রতিপক্ষরা এর আগেও ষড়যন্ত্র করেছে। এবারো তার প্রতিপক্ষরা ষড়যন্ত্র করে এগুলো করেছে। কাউকে টাকা দিয়ে ভোট করব না।

১নং সুন্দরপুর-দুর্গাপুর ইউনিয়ন পরিষদের রিটার্নিং অফিসার ও উপজেলা মাধ্যমিক অফিসার মধুসূদন সাহা বলেন, নাকফুল দেওয়ার ঘটনায় কোনো অভিযোগ পাইনি। অভিযোগ পেলে অবশ্যই ব্যবস্থা নেব।

উল্লেখ্য, আগামী ২৮ নভেম্বর ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ১১টি ইউনিয়নে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

ঘুমহীন প্রার্থীরা, মধ্যরাতে শেষ প্রচারণা-রবিবার ভোট যুদ্ধ

আর মাত্র একদিন পরই ব্যালট উৎসবে মাতবে আলমডাঙ্গার ১৩ টি ইউনিয়নবাসী। দীর্ঘ ৫ বছর পর ইউনিয়ন পরিষদ নির্বাচনের জন্য প্রস্তুত নির্বাচন কমিশনও। শেষ মুহূর্তের প্রচারণায় দিন-রাত ঘুমহীন থাকা প্রার্থীরা ছুটে বেড়াচ্ছেন নগরীর আনাচে-কানাচে।

আগামি ২৮ নভেম্বর রবিবার অনুষ্ঠিত হবে আলমডাঙ্গার ইউনিয়ন পরিষদের নির্বাচন। সে হিসেবে আজ শনিবার মধ্য রাত থেকে শেষ হয়েছে সব ধরনের প্রচার-প্রচারণা। এমনকি বহিরাগতদের ছাড়তে হবে নির্বাচনী এলাকা।

সকাল থেকে আলমডাঙ্গার বিভিন্ন ইউনিয়ন ঘুরে দেখা গেছে, শেষ সময়ের প্রচারণায় ভীষণ ব্যস্ত হয়ে পড়েছেন প্রার্থীরাসহ তাদের কর্মী- সমর্থকরা। হৈ-হুল্লোড়, মিছিল-শ্লোগান আর প্রচার মাইকের আওয়াজে শেষ মুহূর্তে জমে উঠেছে প্রচারণা।

শুক্রবার বিভিন্ন ইউনিয়নের দলীয় প্রার্থীদের গণসংযোগ করেন জেলা ও উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দরা।
ইউনিয়ন পরিষদে চেয়ারম্যান প্রার্থী ছাড়াও ব্যস্ত সময় পার করছেন সংরক্ষিত নারী কাউন্সিলর, সাধারণ কাউন্সিলর প্রার্থী। বসে নেই তাদের পক্ষে বিপক্ষে থাকা কর্মী-সমর্থকরা।

এদিকে ভোটগ্রহণের জন্য সব ধরনের প্রস্তুতি শেষ করেছে নির্বাচন কর্মকর্তারা। ভোট গ্রহণের কক্ষ থেকে শুরু করে প্রতিটি কেন্দ্রের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করাসহ সার্বিক বিষয়ে সজাগ রয়েছে ইসি।

আলমডাঙ্গা নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং কর্মকর্তা এ,জি,এম মোস্তফা ফেরদৌস বলেন, ‘আমরা চাই একটা সুষ্ঠু নির্বাচন। এজন্য বৃহৎ পরিকল্পনা নেয়া হয়েছে। আশা করছি অবাধ সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের জন্য সবাই আমাদের সহযোগিতা করবে।

উল্লেখ্য, ইউনিয়ন পরিষদ নির্বাচনে ১৩ টি ইউনিয়নের চেয়ারম্যান প্রার্থী ৬৩ জন, সংরক্ষিত মহিলা প্রার্থী ১৪২ জন ও মেম্বার প্রার্থী ৪৪৮ জন অংশ গ্রহন করে। মনোনয়ন পত্র যাচাই বাছাই এর

মাধ্যমে খাদিমপুর ইউনিয়নের মেম্বার প্রার্থী সাজাপ্রাপ্ত ও গাংনী ইউনিয়নের মেম্বার প্রার্থী অপ্রাপ্ত বয়স হওয়ায় তাদের মনোনয়ন বাতিল করেন রিটার্নিং কর্মকর্তা।

১১ নভেম্বর মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ছিলো । মনোনয়ন প্রত্যাহারের শেষ দিনে ১৩টি ইউনিয়নে মোট ৬৩ জন চেয়ারম্যান প্রার্থীর মধ্যে ৩ জন প্রার্থী মনোনয়ন প্রত্যাহার করে। তাদের মধ্যে ভাংবাড়িয়া ইউনিয়নে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী মনোনয়ন প্রত্যাহারকারী হলো- দেলোয়ার হোসেন, গাংনী ইউনিয়নে স্বতন্ত্র প্রার্থী বর্তমান চেয়ারম্যান আবু তাহের ও খাদিমপুর ইউনিয়নে স্বতন্ত্র প্রার্থী সাইদুর রহমান ।
এছাড়া, সাধারণ ওয়ার্ডের সদস্য পদে মনোনয়নপত্র দাখিল করেছিলেন ৪৪৭ জন। তাদের মধ্যে ১৫ জন মনোনয়নপত্র প্রত্যাহার করেছেন। গাংনী ইউনিয়নে সাধারন সদস্য ৩ জন, কুমারী ইউনিয়নে সাধারন সদস্য ২ জন, খাসকররা ইউনিয়নে সাধারন সদস্য ১ জন, জেহালায় সাধারন সদস্য ২ জন, জামজামি সাধারন সদস্য ১ জন, কালিদাসপুর সাধারন সদস্য ১জন, হারদী ইউনিয়নে সাধারন সদস্য ২ জন ও চিৎলা ইউনিয়নে সাধারন সদস্য ৩ জন তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করেন।

অন্য দিকে, আতঙ্কের মধ্য দিয়ে নির্বাচনের প্রচার প্রচারণা শেষ করেছে প্রার্থীরা। সতন্ত্র চেয়ারম্যান প্রার্থীরা দাবি করেন ইউনিয়ন পরিষদ সুষ্ট ও নিরপেক্ষ নির্বাচন উপহার দিবে ইসি। এমনটাই দাবি জানিয়ে তারা আরো বলেন, সরকারের দলীয় প্রতিক নৌকার প্রার্থীরা জোরপূর্বক ভোট কেন্দ্র দখল করবে বলে হুমকি প্রদান করছে।

আলমডাঙ্গা থানার ওসি সাইফুল ইসলাম জানান, ইউপি নির্বাচন উপলক্ষে কোন অপ্রিতিকর ঘটনা যেনো না ঘটে সে কারণে কঠোর অবস্থান পুলিশ। যদি নির্বাচনকে ঘিরে আইনশৃঙ্খলার অবনতি ঘটনায় দ্রুত তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।